

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mofl.gov.bd

...

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ যুগ্ম-সচিব
সভার তারিখ	২৫/০৭/২০১৮ খ্রি.
সভার সময়	বিকাল ০২.৩০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি নবগঠিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং ইনোভেশন বিভিন্ন কার্যক্রম, ইনোভেশন টিমের কার্যপরিধি, পটভূমি সম্পর্কে সভায় বিস্তারিত আলোকপাত করেন। এছাড়া তিনি ২০১৮-২০১৯ অর্থ বছরে নতুনভাবে প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

২। প্রস্তুতকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। চীফ ইনোভেশন অফিসার ও সভার সভাপতি মহোদয় মন্ত্রীপরিষদ বিভাগ হতে প্রাপ্ত "মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯" বিষয়ে আলোচনা করেন এবং সে মোতাবেক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা হয়েছে কিনা তা যাচাই করে প্রণয়ন করার পরামর্শ দেন। সভায় উপস্থিত সদস্যগণ - উদ্দেশ্য ও কার্যক্রম ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে কিনা তা পরীক্ষানিরীক্ষা করেন। একই সাথে ২০১৯-২০২০-এর প্রক্ষেপণের বিষয়ে পর্যালোচনা করা হয়।

৩। বিস্তারিত পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনা শেষে প্রস্তুতকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করে অনুমোদনের জন্য সচিব মহোদয় বরাবর উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

সিদ্ধান্ত সমূহঃ

ক) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করে অনুমোদনের জন্য সচিব মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।

খ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনাটি অনুমোদনপূর্বক আগামী ৩১-০৭-২০১৮ তারিখের মধ্যে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন বিষয়ে আলোচনা নাথাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ
যুগ্ম-সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.১৬.০০২.১৭.৬৯

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৫
২৫ জুলাই ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপ-সচিব , মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট